

235954 - মডার্ন কালার দিয়ে চুল রঙ করা

প্রশ্ন

মডার্ন কালার দিয়ে চুল রঙ করা কি জায়েয আছে? যেমন লারিয়েল (Loreal) ও বিগেন (Bigen)... এর মত কোম্পানীগুলোর প্রডাক্ট দিয়ে?

প্রিয় উত্তর

চুল কালার করা এটি অভ্যাস শ্রেণীর কর্ম। অভ্যাস শ্রেণীর কর্মের মূল বিধান হচ্ছে— বৈধতা। অতএব, মডার্ন কালার ও অন্যান্য কালার দিয়ে চুল রঙ করা জায়েয; যদি না সে কালার দিয়ে বার্ধক্যের শুভতাকে পরিবর্তন করা না হয়, কাফেরদের সাথে সাদৃশ্য গ্রহণ করা না হয় কিংবা এর স্বাস্থ্যগত কোন ক্ষতি সাব্যস্ত না হয়।

শাহীখ উচ্চাইমীনের "ফাতাওয়া নুরুন আলাদ দারব" এসেছে:

"ইবাদত ব্যতিরেকে অন্য বিষয়গুলোর মূল বিধান হচ্ছে বৈধতা। এর আলোকে নারীর জন্য তার মাথার চুল কালার করা বৈধ; যে রঙ দিয়ে ইচ্ছা হয় সেই রঙ দিয়ে; তবে কালো রঙ দিয়ে নয়। যা দিয়ে বার্ধক্যের শুভতাকে আড়াল করা হয়। কেননা কালো রঙ দেয়া জায়েয নয়। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বার্ধক্যের শুভতাকে আড়াল করার নির্দেশ দিয়েছেন; তবে বলেছেন: "কালো রঙ পরিহার করবে।" কিংবা এ রঙগুলো যদি কাফের নারীদের জন্য খাস হয়; অর্থাৎ এ রঙ ব্যবহারকারী নারীকে দেখে যে কেউ বলবে: কাফের মহিলা। যেহেতু এ রঙ কেবল কাফের নারীরাই ব্যবহার করে। তখন এ রঙ ব্যবহার করা নারীদের জন্য হারাম হবে। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যে ব্যক্তি যে সম্প্রদায়ের সাদৃশ্য গ্রহণ করে সে তাদের দলভুক্ত।" যদি এ রঙ এ দুটো বিষয় মুক্ত হয়: অর্থাৎ বার্ধক্যের শুভতাকে আড়ালকারী কালো রঙ হওয়া এবং রঙটি কাফের নারীদের জন্য খাস হওয়া— তাহলে মূল বিধান হল বৈধতা। সুতরাং নারী যে রঙ ইচ্ছা সেই রঙ দিয়ে চুল কালার করবেক।" [ফাতাওয়া নুরুন আলাদ দারব
(২/২২)]

শাহীখ উচ্চাইমীনকে আরও জিজ্ঞেস করা হয়েছিল: বাজারে যে সব ক্যামিকেল কালার পাওয়া যায় সেগুলো দিয়ে চুলের রঙ পরিবর্তন করা কি হারাম? জবাবে তিনি বলেন: চুলের রঙ সাদা থেকে কালো করা নাজায়েয। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কালো রঙ পরিহার করার নির্দেশ দিয়েছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে উদ্ভৃত এক হাদিসে চুলের শুভতাকে কালো রঙ করার ব্যাপারে শাস্তির ধর্মকি এসেছে। পক্ষান্তরে, চুলে অন্যান্য কালার করা: এতে কোন আপত্তি নাই। কেননা এর মূল বিধান হল: বৈধতা; যতক্ষণ না নিষিদ্ধ হওয়ার পক্ষে কোন দলিল পাওয়া যায়। তবে এ রঙ করার মধ্যে যদি কাফের নারীদের সাথে সাদৃশ্য গ্রহণ থাকে তাহলে হারাম হবে। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যে ব্যক্তি যে সম্প্রদায়ের সাথে সাদৃশ্য গ্রহণ করে সে তাদের দলভুক্ত।" এ নারীর তার প্রশ্নে উল্লেখ করেছেন যে, এই রঙ ক্যামিকেল দিয়ে তৈরী। এমনটি হলে এ ক্ষেত্রে

ডাক্তারদের শরণাপন্ন হতে হবে। জানতে হবে, এ ধরণের রঙ কি মাথার চুল ও চামড়ার কোন ক্ষতি করবে? যদি ক্ষতি সাব্যস্ত হয় তাহলে এগুলো ব্যবহার করা জায়ে হবে না।" [শাইখ উছাইমীনের ফাতাওয়া নুরুন আলাদ দারব (২/২২) থেকে সমাপ্ত]

আল্লাহই সর্বজ্ঞ।